যুগান্তর

APR. 02 2002

# শিক্ষা ভিসা সহজ হবে : কানাডা পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার দিতে পারে

যুগান্তর রিপোর্ট

কানাডা কিছু পোল্ট্রি ও কৃষিপণ্য ছাড়া বাংলাদেশের অন্য সব পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার দিতে পারে। কানাডার এশিয়া-প্যাসিফিক বিষয়ক

শিক্ষা : পৃষ্ঠা : ২ কলাম : ৩

## শিক্ষা : ভিসা

(১ম পৃষ্ঠার পর)

পররাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে সফররত বাণিজ্য প্রতিনিধিদল গতকাল সোমবার এক অনুষ্ঠানে একথা জানিয়েছে।

মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) শেরাটন হোটেলে বাংলাদেশী ব্যবসায়ী শিল্পপতিদের সঙ্গে কানাডার বাণিজ্য প্রতিনিধিদলের মতবিনিময় অনুষ্ঠান আয়োজন করে। এতে বক্তব্য রাখেন কানাডার পররাষ্ট্রমন্ত্রী ডেভিড কিলগোর ও কানাডীয় আন্তর্জাতিক বাণিজ্য কমিটির চেয়ারম্যান ম্যাক হার্ব এমপি এবং এমসিসিআই'র সভাপতি তপন চৌধুরী।

ম্যাক হার্ব এমপি. জানান. দোহায় অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য সংস্থার বৈঠকের আলোকে কানাডা স্বল্পোন্নত দেশগুলোকে বিশেষ বাণিজ্য সুবিধা দিতে রাজি। এ প্রেক্ষাপটেই কিছু পোল্ট্রি ও কৃষিপণ্য ছাড়া বাংলাদেশের অন্য সব পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার দানের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। তিনি আরও জানান, কানাডার আন্তর্জাতিক বাণিজ্য কমিটি এ বিষয়ে চলতি মাসের শেষে পার্লামেন্টে সুপারিশ করবে।

পররাষ্ট্রমন্ত্রী ডেভিড কিলগোর জানান, তার নেতৃত্বে বাণিজ্য প্রতিনিধিদলটি, বাংলাদেশ সম্পর্কে কিছু অস্বচ্ছ ও ভুল ধারণা নিয়ে সফরে এসেছিল। কিন্তু দেশে ফিরে যাচ্ছে ইতিবাচক ধারণা নিয়ে। এক্ষেত্রে তিনি বাংলাদেশের পোশাক শিল্প, সিরামিক, ওষুধ শিল্প এবং চামড়াজাত পণ্যের প্রশংসা করেন। তিনি আরও বলেন, আগে বাংলাদেশ ও কানাডার সম্পর্ক ছিল সাহায্য গ্রহীতা ও দাতা হিসাবে। কিন্তু এখন এ সম্পর্ক বদলে চমৎকার বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠা হয়েছে। কানাডার প্রতিষ্ঠানগুলো এখন বাংলাদেশে জুতা, হেলিকপ্টার, বিমান, টেলিফোন ও সফটওয়্যার খাতে বিনিয়োগে এগিয়ে আসছে। এছাড়া বেশ কয়েকটি গ্যাস অনুসন্ধান ও বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানও এখানে বিনিয়োগে এগিয়ে আসতে পারে।

বাংলাদেশ গত বছর কানাডায় ১৯ কোটি ৮০ লাখ কানাডীয় ডলার মূল্যের পণ্য রফতানি করে, একই সময়ে কানাডা থেকে আমদানি করে ১১ কোটি ৭০ লাখ কানাডীয় ডলার মূল্যের পণ্য। এছাড়া বর্তমানে বাংলাদেশে কানাডীয় বিনিয়োগের পরিমাণ প্রায় সাড়ে ৪ কোটি কানাডীয় ডলার।

কানাডা প্রতি বছর গড়ে বাংলাদেশকে প্রায় ৫ কোটি কানাডীয় ডলার সমমূল্যের সাহায্যও দেয়।

### শিক্ষা ভিসা সহজ হবে

পররাষ্ট্রমন্ত্রী ডেভিড কিলগোর বাংলাদেশের শিক্ষার্থীদের প্রতি কানাডার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তির সুযোগ গ্রহণের আহ্বান জানান। তিনি বলেন, কানাডায় শিক্ষা খরচ অন্যান্য উন্নত দেশের চেয়ে অনেক কম। ডেভিড কিলগোর জানান, চলতি এপ্রিল-জুনের ভর্তি মৌসুমে বাংলাদেশী শিক্ষার্থীদের সুবিধার জন্য ঢাকায় অতিরিক্ত দু'জন ভিসা অফিসার নিয়োগ করা হবে।

ডেভিড কিলগোর এমপির নেতৃত্বে বাংলাদেশ সফররত কানাডার প্রতিনিধি দল সোমবার অর্থ ও পরিকল্পনা মন্ত্রী এম সাইফুর রহমান, ডাক ও টেলি যোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক ও শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুকের সঙ্গে পৃথক পৃথকভাবে সাক্ষাৎ ও মতবিনিময় করেন। ঢাকায় কানাডীয় হাইকমিশনার ডেভিড প্রেস্টন এ সময়